দেশ থেকে বছরে পাচার হচ্ছে ৭৫ হাজার কোটি টাকা

বাংলাদেশে ধনাঢ্য ব্যক্তিদের আয় বাড়ার হার বিশ্বে সবচেয়ে বেশি। বছরে দেশ থেকে পাচার হচ্ছে ৭৫ হাজার কোটি টাকা। এক্ষেত্রে এগিয়ে রয়েছেন গার্মেন্টস মালিকরা। কিন্তু এই খাতের ৩৫ লাখ শ্রমিক আগের মতোই দরিদ্রই থেকে গেছেন। শনিবার সকালে বাংলাদেশ অর্থনীতি সমিতি আয়োজিত সেমিনারে এসব তথ্য জানান প্রবীণ অর্থনীতিবিদ অধ্যাপক ড. মইনুল ইসলাম। খবর যমুনা টিভি

সেমিনারে অর্থনীতিবিদরা বলেন, ক্রমবর্ধমান আয় বৈষম্য মোকাবেলা করা দুরূহ কাজ, কিন্তু অসম্ভব নয়। এক্ষেত্রে রাষ্ট্রের শীর্ষ নেতৃত্বের সদিচ্ছা প্রয়োজন। কঠোর দিক নির্দেশনা দরকার। রাজনৈতিক নীতি পরিবর্তন ছাড়া তা অর্জন করা যাবে না জানিয়ে তারা বলেন, সমাজের শক্তিধর ধনাঢ্য গোষ্ঠীগুলোর কায়েমী স্বার্থ আয় পুণর্বণ্টন নীতি ভণ্ডুল করে দিতে চায়।

জিরো টলারেন্সকে অগ্রাধিকার দিয়ে দুর্নীতি দমনে কঠোর বিধানের তাগিদ দেন অর্থনীতিবিদরা। সেমিনারে মূল প্রবন্ধে বলা হয়, জনগণ যাতে মুনাফাবাজির শিকার না হয় সেদিকে খেয়াল রাখতে হবে। আরও জানানো হয়, বর্তমানে জিডিপির মাত্র দশমিক ২ শতাংশ ব্যয় হয় দরিদ্র জনগোষ্ঠীর জীবন মান উন্নয়নে। এ ক্ষেত্রে আরও বরাদ্দ বাড়ানো প্রয়োজন।